

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।

বিআরপিডি সার্কুলার লেটার নং-২৪

অগ্রহায়ণ ২, ১৪২৬
তারিখঃ-----
নভেম্বর ১৭, ২০১৯

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক।

প্রিয় মহোদয়,

ঋণ পুনঃতফসিল ও এককালীন এক্সিট সংক্রান্ত বিশেষ নীতিমালা।

উপর্যুক্ত বিষয়ে বিআরপিডি সার্কুলার নং-০৫, তারিখঃ মে ১৬, ২০১৯ ও বিআরপিডি সার্কুলার লেটার নং-২৩, তারিখঃ অক্টোবর ২৩, ২০১৯ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

বিআরপিডি সার্কুলার লেটার নং-২৩/২০১৯ এর মাধ্যমে বিআরপিডি সার্কুলার নং-০৫/২০১৯ এর আওতায় গৃহীত আবেদনসমূহের বিষয়ে নভেম্বর ১৯, ২০১৯ তারিখ অথবা রীট পিটিশন নিষ্পত্তির তারিখ (যেটি আগে আসবে) এর মধ্যে উক্ত সার্কুলার মোতাবেক কার্যক্রম গ্রহণ করা যাবে মর্মে নির্দেশনা প্রদান করা হয়। তাছাড়া, বিআরপিডি সার্কুলার লেটার নং-১৯/২০১৯ এর মাধ্যমে প্রদত্ত সময়সীমা অর্থাৎ অক্টোবর ২০, ২০১৯ তারিখ অতিক্রান্ত হওয়ায় নতুন করে আর কোন আবেদনপত্র গ্রহণ করা যাবে না এবং বিআরপিডি সার্কুলার নং-০৫/২০১৯ এর আওতায় পুনঃতফসিল/ এককালীন এক্সিট সুবিধাপ্রাপ্ত ঋণগ্রহিতাদের অনুকূলে কোন নতুন ঋণ সুবিধা প্রদান করা যাবে না মর্মেও উক্ত সার্কুলার লেটারে উল্লেখ করা হয়।

এক্ষেণে, মহামান্য সুপ্রিম কোর্টের হাই কোর্ট ডিভিশন কর্তৃক নভেম্বর ৩, ২০১৯ তারিখে প্রদত্ত রায়ের আলোকে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছেঃ

(ক) বিআরপিডি সার্কুলার নং-০৫/২০১৯ এর আওতায় ঋণগ্রহিতা কর্তৃক আবেদন করার সময়সীমা অত্র সার্কুলার লেটার জারির তারিখ হতে ৯০ (নব্বই) দিন বৃদ্ধি করা হলো;

(খ) বিআরপিডি সার্কুলার নং-০৫/২০১৯ এর আওতায় পুনঃতফসিল পরবর্তীতে ব্যাংকার-গ্রাহক সম্পর্কের ভিত্তিতে ঋণ পুনঃতফসিল সংক্রান্ত বিআরপিডি সার্কুলার নং-১৫, তারিখঃ সেপ্টেম্বর ২৩, ২০১২ এর 6(a) ও 6(b) এ বর্ণিত নির্দেশনা পরিপালন সাপেক্ষে নতুন করে ঋণ প্রদান করা যাবে;

(গ) বিআরপিডি সার্কুলার নং-০৫/২০১৯ এর ১(গ)নং ক্রমিকে বর্ণিত বিশেষ নিরীক্ষা ব্যতীত টেক্সটাইল ও গার্মেন্টস শিল্পের ঋণগ্রহিতাদের অনুকূলেও উক্ত সার্কুলারে বর্ণিত সুবিধাদি প্রদান করা যাবে;

(ঘ) বিআরপিডি সার্কুলার নং-০৫/২০১৯ এর আওতায় ঋণগ্রহিতার নিকট হতে প্রাপ্ত ঋণ পুনঃতফসিল ও এককালীন এক্সিট সংক্রান্ত আবেদন সংশ্লিষ্ট ব্যাংকের পরিচালনা পর্ষদ কর্তৃক অনুমোদন প্রদান করতে হবে; এবং

(ঙ) উল্লিখিত নির্দেশনাসমূহ ব্যতীত বিআরপিডি সার্কুলার নং-০৫/২০১৯ এর অন্যান্য নির্দেশনা অপরিবর্তিত থাকবে।

এ নির্দেশ অবিলম্বে কার্যকর হবে।

ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ৪৫ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ সার্কুলার লেটার জারি করা হলো।

আপনাদের বিশ্বস্ত,



(মোঃ রেজাউল ইসলাম)
মহাব্যবস্থাপক
ফোনঃ ৯৫৩০২৫২